**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মকর সংক্রান্তি আজ রাজ্যে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে |**

**(২) ৪৪ তম আগরতলা বইমেলার আজ শেষ দিন |**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশ গঠনে কৃষকদের অবদানের প্রশংসা করে বলেছেন তারা আত্মনির্ভর ভারতকে শক্তিশালী করছেন |**

**(৪) শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত আগামী মাসে মর্যাদাপূর্ণ এ.আই. ইমপ্যাক্ট সামিট আয়োজন করবে।**

*****************************************

**Makar Sankranti :**

আজ মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি | আজকের দিনে সূর্যের উত্তরায়ণ শুরু হয় | আসামে আজকের দিনটিকে ভোগালি বিহু, তামিলনাড়ুতে পোঙ্গল, গুজরাটে উত্তরায়ন ও পাঞ্জাবে লোরি হিসাবে উদযাপন করা হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ লহরী, মকর সংক্রান্তি, পোঙ্গল এবং মাঘ বিহু উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাজ্যেও দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হছে | জাতি-জনজাতি সকলের কাছে দিনটি বিশেষ তাৎপর্যের। আজ অনেকেই পিতৃপুরুষদের স্মরন করেন, সূর্য্য অর্ঘ্য দেয়া হয়, নতুন ফসলের পিঠে পুলিতে মা লক্ষ্মীর আরাধনা করা হয়। বাড়ির উঠোন, তুলসী মঞ্চ আলপনায় সাজিয়ে তোলা হয় |

রাজ্যের অন্যতম তীর্থস্থান ডম্বুরে গোমতী নদীর উৎসস্থল তীর্থ মুখে বহু পূন্যার্থী আজ সূর্যোদয়ের আগে পূন্য অবগাহন করেন। সেই সঙ্গে তেলিয়ামুড়ার চাকমা ঘাট, সোনামুড়ার বটতলিতেও বহু পূন্যার্থী অবগাহন করেন। ডম্বুর এবং উনকোটিতে গতকালই মেলা শুরু হয়েছে |

*********************

**Makar Sankranti/Kailashahar :**

চিরাচরিত ভাবধারায় ও পরম্পরাগত রীতিনিয়ম মেনে ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ মকর সংক্রান্তি পালিত হচ্ছে। আমাদের উনকোটি জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, আজ ভোরে শৈবতীর্থ ঊনকোটির পবিত্র সীতাকুণ্ডে শত শত পূর্ণার্থী পূণ্য অবগাহন করেন ও  পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করেন। প্রতিটি বাড়িঘরেই সাধ্যমতো পিঠে-পুলি, পায়েস ইত্যাদির আয়োজন ছিল। বাড়ী বাড়ী ঘুরে সংকীর্তন করা এই দিনের এক বিশেষ রীতি। মকর সংক্রান্তি বা উত্তরায়ণ সংক্রান্তি ঘিরে সর্বত্র-ই উৎসবের আমেজ পরিলক্ষিত হচ্ছে।

********************

**Mela Battali-Sonamura :**

আজ দ্বিতীয় দিনেও ব্যাপক পুন্যার্থী সমাগমে ভাসছে সোনামুড়ার বটতলির মকর সংক্রান্তি মেলা। গতকাল রাতে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন এই মেলার উদ্বোধন করেন | মেলার আজই শেষ দিন |

*******************

**Book Fair :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, আগামী দিনে রাজ্যের বিভিন্ন কলেজগুলিকে কিভাবে বইমেলামুখী করা যায়, সে বিষয়ে ভাবনা চিন্তা রয়েছে সরকারের। এছাড়াও, জেলা বা মহকুমাভিত্তিক  বইমেলার আয়োজন করার বিষয়ে আগামীদিনে বিবেচনা করা হবে। আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ৪৪ তম আগরতলা বইমেলার সমাপ্তি ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে একথা বলেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ। এবারের মেলার মূল ভাবনা ছিল বন্দেমাতরম ১৫০। সম্মাননা মঞ্চে আমন্ত্রিত অতিথিরা লালন পুরস্কার, ভীষ্মদেব স্মৃতি পুরস্কার, সলিল কৃষ্ণ দেববর্মা স্মৃতি পুরস্কার, সুমঙ্গল সেন মেমোরিয়াল ভিজুয়াল আর্ট সম্মাননা, সত্যরাম রিয়াং পুরস্কার, অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি পুরস্কার তুলে দেন ।সেরা লিটল ম্যাগাজিন পুরস্কার পেয়েছে খোয়াই -এর ধাত্রী মুখ ।উল্লেখ্য, গত ২রা জানুয়ারী এই মেলার উদ্বোধন করেছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

*********************

**CM visit-Angel Chakma :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ প্রয়াত ছাত্র এঞ্জেল চাকমার নন্দননগরস্থিত দেবরাম পাড়ায় বাড়িতে গিয়ে তাঁর শোকাহত পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি এঞ্জেল চাকমার পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন এবং তাঁদের পাশে থাকার আশ্বাস দেন। তিনি জানান, গোটা বিষয়টি রাজ্য সরকার অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, আগামী ১৮ জানুয়ারি তিনি দিল্লিতে দেশের সমস্ত মুখ্যমন্ত্রীদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে যাচ্ছেন |ওই বৈঠকে তিনি এঞ্জেল চাকমার ঘটনার বিষয়টি উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন | প্রসঙ্গত: উল্লেখ্য, গত ৯ ডিসেম্বর উত্তরাখণ্ডের দেরাদুনে এক  হামলার ঘটনায় গুরুতরভাবে আহত হয়েছিলেন। দীর্ঘদিন চিকিৎসাধীন থাকার পর গত ২৬ ডিসেম্বর তাঁর মৃত্যু হয়।

**********************

**CM of Assam tour :**

আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল রাজ্য সফরে আসছেন৷তিনি আগামীকালই উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজো দেবেন৷ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় এখবর জানান |

********************

**Rail-MLA :**

দক্ষিণ ও গোমতী জেলার যাত্রীদের সুবিধার্থে আগরতলা-কলকাতা গরীব রথ ও আগরতলা-ব্যাঙ্গালোর হামসফর এক্সপ্রেস সাব্রুম স্টেশন থেকে চালু করার

জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের আঞ্চলিক ব্যবস্থাপককে চিঠি লিখেছেন বিধায়ক দীপংকর সেন ।তিনি এই দাবি সম্পর্কে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীকে অবহিত করেছেন|

********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

********************

**PM, Pongal :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশ গঠনে কৃষকদের অবদানের প্রশংসা করে বলেছেন যে তারা আত্মনির্ভর ভারতকে শক্তিশালী করছেন, তিনি বলেছেন যে কৃষকরা

জাতি গঠনে শক্তিশালী অংশীদার। তিনি বলেন, কেন্দ্র কৃষকদের ক্ষমতায়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং এই লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করছে। আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগানের বাসভবনে আয়োজিত পোঙ্গল উদযাপনে অংশ নেওয়ার পর তাঁর বক্তব্যে প্রধানমন্ত্রী একথা বলেন।

######### byte-PM #########

প্রধানমন্ত্রী বলেন, এই সময়ে, দেশের অন্যান্য অঞ্চলও লোহরি, মকর সংক্রান্তি এবং মাঘ বিহু উদযাপন করছে, যা এক ভারত, শ্রেষ্ঠ ভারতের চেতনাকে শক্তিশালী করে।

সংবাদমাধ্যমের সঙ্গে আলাপকালে, ডঃ মুরুগান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং তাঁর বাসভবনে পোঙ্গলের আচার-অনুষ্ঠানে যোগদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি দেশবাসীকে পোঙ্গল এবং মকর সংক্রান্তির শুভেচ্ছা জানান।

**********************

**AI Summit :**

শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ ঘোষণা করেছেন যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত আগামী মাসে মর্যাদাপূর্ণ এ.আই. ইমপ্যাক্ট সামিট আয়োজন করবে। পোঙ্গল উদযাপনে অংশগ্রহণ এবং সামিটের আগে ইনস্টিটিউটের অগ্রগতি পর্যালোচনা করতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি মাদ্রাজ সফরকালে তিনি এই ঘোষণা করেন। সংবাদ মাধ্যমকে তিনি শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং উৎপাদনের মতো ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা দ্রুত বিশ্বব্যাপী গ্রহণের বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন যে, আসন্ন শীর্ষ সম্মেলনটি এআই উদ্ভাবন এবং

প্রয়োগে দেশের ভূমিকা জোরদার করার জন্য একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

*********************

**PM-Commonwealth :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুনদিল্লিতে কমনওয়েলথের Speaker এবং প্রিসাইডিং অফিসারদের ২৮তম সম্মেলনের উদ্বোধন করবেন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সম্মেলনে সভাপতিত্ব করবেন। ৪২টি কমনওয়েলথ দেশ এবং চারটি আংশিক স্বায়ত্তশাসিত সংসদের ৬১ জন স্পিকার এবং প্রিসাইডিং অফিসার সম্মেলনে যোগ দেবেন।

সমসাময়িক সংসদীয় বিভিন্ন বিষয়ের পাশাপাশি সংসদীয় কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার, সংসদ সদস্যদের উপর সামাজিক মাধ্যমের প্রভাব সহ অন্যান্য বিষয়েও আলোচনা করা হবে।

********************

**National Youth Day celebration :**

আন্তর্জাতিক বাংলা ভাষা-সংস্কৃতি সমিতির শান্তিরবাজার শাখার উদ্যোগে আজ শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে ৪২ তম জাতীয় যুব দিবস অংকন, আল্পনা প্রতিযোগিতা ও আলোচনাসভার মাধ্যমে পালিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য।

********************

**Press club :**

আগরতলা প্রেসক্লাবের সদস্য সাংবাদিক মৃনাল দেবনাথ গতকাল রাতে বড়দোয়ালী চৌধুরীমিল এলাকায় দুষ্কৃতিদের হাতে আক্রান্ত হন | আগরতলা প্রেস ক্লাবের পক্ষ থেকে এই ঘটনার তীব্র নিন্দা জানানো হয়েছে | অবিলম্বে দুষ্কৃতিকারিদের গ্রেপ্তারের জন্য আগরতলা প্রেস ক্লাবের পক্ষ থেকে আরক্ষা কর্তৃপক্ষের কাছে দাবি জানানো হয়েছে |

*********************

**ISRO :**

উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের ছাত্রছাত্রীদের মধ্যে মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কে সচেতনতা তৈরী করতে ডোনার মন্ত্রকের উদ্যোগে নর্থ ইষ্ট স্টুডেন্টস প্রোগ্রাম ফর এওয়্যারনেস, রিচ এন্ড নলেজ অন স্পেস (NE-SPARKS) প্রকল্প চালু হয়। এই প্রকল্পে ২০২৫ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত মোট আটটি ব্যাচে উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্য থেকে বিজ্ঞান বিষয় নিয়ে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের ইসরো পরিদর্শনে নিয়ে যাওয়া হয়েছে। প্রতিটি ব্যাচে ৯০-১০০ জন করে শিক্ষার্থী এই সুযোগ পেয়েছে। প্রকল্পের লক্ষ্য হচ্ছে আটটি রাজ্য থেকে ১০০ করে মোট ৮০০ জন ছাত্রছাত্রীকে এই সুযোগ করে দেওয়া। এই প্রকল্পের ব্যয় বহন করেছে উত্তর-পূর্বাঞ্চল পর্ষদ (এনইসি) এবং উত্তর পূর্বাঞ্চলের আটটি রাজা যৌথভাবে ৬০:৪০ হিসেবে মোট ব্যয় ধরা হয়েছে ৩ কোটি ৮৩ লক্ষ টাকা। অর্থাৎ এনইসি দিয়েছে ২ কোটি ৩০ লক্ষ টাকা এবং বাকি রাজ্যগুলি যৌথভাবে দিয়েছে ১ কোটি ৫৩ লক্ষ টাকা। শিলংস্থিত উত্তর পূর্বাঞ্চল পর্ষদের সচিবালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

**********************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**********************

**********************